শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
পটুয়াখালী।

E-mail :tscpatuakhali@gmail.com.
Website: www.tscpatuakhali.gov.bd .

স্মারক নং টিএসসি/পটুয়া/ ভবন নিলাম /২০২১/৪৬২

তারিখঃ ০৬/১২/২০২১খ্রি.

**পুনঃ নিলাম (৫ম বার) বিজ্ঞপ্তি**

পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ, পটুয়াখালী পুরাতন ওয়েল্ডিং ওয়ার্কসপ ভবন ও জরাজীর্ণ টিনসেড ভবন নিলামে বিক্রয় ও আপসারনের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। ভবন অফিস চলাকালীন সম সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত দেখা যাবে।

| ক্রমিক নং | নিলামযোগ্য স্থাপনার বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | ১৯৭২ সনে নির্মিত পুরাতন ওয়েল্ডিং ওয়ার্কসপ ভবন দৈর্ঘ্য ৬৮ ফুট প্রস্থ ৪৪ফুট | |
| ০২ | ১৯৮০ সনে নির্মিত জরাজীর্ণ টিনসেড ভবন দৈঘ্য ৬০ফুট প্রস্থ্য ২৫ ফুট | |

শর্তসমূহঃ

০১। **নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করিয়া সরেজমিনে পরিদর্শন পূর্বক উল্লেখিত স্থাপনার বর্তমান অবস্থা যাচাই করিয়া নিবেন, পরবর্তীতে এই বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহনযোগ্য হইবে না।**

০২। প্রত্যেক দরদাতাকে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর / মোবাইল নম্বরসহ প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "পুরাতন ওয়েল্ডিং ওয়ার্কসপ ও টিনসেড ভবন নিলাম " লিখিয়া দাখিল করিতে হইবে।

০৩। দরপত্র বিক্রির শেষ তারিখ ও সময় ঃ ১৯/১২/২০২১ খ্রিঃ বেলা - ০১ :০০ ঘটিকা । দরপত্র সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী এবং আল- আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড পটুয়াখালী শাখা, ৯৫/১ থানা পাড়া সদর রোড পটুয়াখালী, হতে ক্রয় করা যাবে।

০৪। দরপত্র ২০/১২/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী/ নির্বাহী প্রকৌশলীর কার্যালয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হইবে।

০৫। দরদাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স, VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও TIN (হালনাগাদ আয়কর পরিশোধ সনদ পত্র) এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

০৬। ২০/১২/২০২১ খ্রিঃ তারিখ বেলা ঃ ০১.০০ ঘটিকার সময় জেলা প্রশাসকের কার্যালয়,পটুয়াখালী দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

০৭। দরদাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

০৮। দরপত্রের সহিত সিডিউল ক্রয়ের মূল রশিদ দাখিল করিতে হইবে।

০৯। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দরের ২৫ % টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে অধ্যক্ষ, পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ, পটুয়াখালী এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করিতে হইবে।

১০। উদ্ধৃত দর গৃহীত হইবার পর দরদাতাকে অনধিক ০৩ ( তিন ) কার্য দিবসের মধ্যে উদ্ধৃত মূল্যসহ বিধি মোতাবেক ভ্যাট ৭.৫ % ও আয়কর ৩% পরিশোধ পূর্বক কার্যাদেশ গ্রহণ করিতে হইবে।

১১। কার্যাদেশ পাওয়ার ১০ দিনের মধ্যে সকল স্থাপনা অপসারণ করিয়া জায়গা পরিস্কার করিতে হইবে।

১২। আশেপাশের কোন স্থাপনা, বিদ্যুৎ লাইন বা কোন গাছপালা ক্ষতিগ্রস্থ করা যাইবে না, করিলে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হইবে।

১৩। প্রতিষ্ঠানের ক্লাস বা দাপ্তরিক কার্যক্রমের ব্যাঘাত না ঘটাইয়া স্থাপনাসমূহ অপসারণ করিতে হইবে।

১৪। দরপত্রের মূল্য প্রতিটি ১০০০/- ( এক হাজার ) টাকা মাত্র।

১৫। চিহ্নিত স্থাপনা ব্যতিত অতিরিক্ত কোন স্থাপনা অপসারন করা যাইবে না।

১৬। রাত্রিকালীন কোন স্থাপনা অপসারন করা যাইবে না।

১৭। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন দর প্রস্তাব বা সকল দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

১৮। স্বাস্থ্য বিধান মানিয়া চলিতে হইবে এবং অন্যান্য সকল সরকারি বিধি বিধান প্রযোজ্য হইবে।

১৯। অসম্পূর্ন দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৬/১২/২১

(প্রকৌ. মোঃ আবদুল জব্বার)
অধ্যক্ষ
ও
সদস্য সচিব (স্থানীয় কনডেমনেশন কমিটি)
পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ ,পটুয়াখালী।
ফোন: ০২-৪৭৮৮৩৫০৬৪
মোবাঃ ০১৩০-৯১৩৩২৭০